সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ‘সহকারী শিক্ষক’ নিয়োগ পরীক্ষা আজ

২য় ধাপে খুলনা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে আজ শুক্রবার। তার অংশ হিসেবে মেহেরপুরে এ পরীক্ষায় অংশ নিচ্ছেন ৪ হাজার ৯৪৮ জন পরীক্ষার্থী।

জেলা শহরের ৮টি কেন্দ্রে সকাল ১০টায় শুরু হবে পরীক্ষা। শেষ হবে এগারোটায়। এর মধ্যে ২ হাজার ৬৮২ জন মহিলা এবং ২ হাজার ২৬৬ জন পুরুষ প্রার্থী রয়েছেন। নিয়োগ পরীক্ষা উপলক্ষে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাথতে জেলা ম্যাজিষ্ট্রেট কেন্দ্রের আশে পাশে ১৪৪ ধারা জারি করেছেন।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ৮টি কেন্দ্রের আসন বিন্যাস করা হয়েছে। এর মধ্যে মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্রে ১২০০ মহিলা প্রার্থী, মেহেরপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রে ৭৪৮ জন মহিলা প্রার্থী, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৬০০ মহিলা প্রার্থী, ছহিউদ্দিন ডিগ্রি কলেজ কেন্দ্রে ১৩৪ জন মহিলা প্রার্থী, ৪১৬ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ কেন্দ্রে ৪৪০ জন পুরুষ পুরুষ প্রার্থী, জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ কেন্দ্রে ৪১০ জন পুরুষ প্রার্থী পরীক্ষায় অংশ নিবেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন করতে ইতোমধ্যে সকল প্রস্Í◌ুতি সম্পন্ন করা হয়েছে। কেন্দ্রে কেন্দ্রে ১৪৪ ধারার নোটিশ পৌছানো হয়েছে।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা
পরীক্ষা কেন্দ্রে কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক হাতঘড়ি বা যে কোনো ধরনের

ইলেকট্রনিক ডিভাইস, কমিউনিকেটিভ ডিভাইস, জাতীয় পরিচয়পত্র (স্মার্ট কার্ড) ছাড়া কোনো ধরনের ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড অথবা অন্য কোনো কার্ড বা এ-জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

যদি কোনো পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপির গণ সংবর্ধনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ায় মেহেরপুর জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি কে গণ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১ ফেব্রুয়ারি) বিকেলে মেহেরপুর শহীদ ড. শামসুজ্জোহা পার্কে গণ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের সভাপতিত্বে মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব মহিলা লিগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, গাংনীর পৌর মেয়র আহম্মেদ

আলী, মেহেরপুর সদর আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন, সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রওশন আলী টোকন, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজামান, মেহেরপুর জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক মিজানুর রহমান হিরন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কাজী শহিদুল হক, বাংলাদেশ যুব মহিলা লীগ মেহেরপুর শাখার সাধারণ সম্পাদিকা রুথ শোভা মন্ডল, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদির হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন, কুতুপুর ইউনিয়ন আওয়ামী লীগের সম্পাদক বাবুল আক্তার, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, বারাদি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ইমাম হোসেন ইমন সহ মেহেরপুর জেলা আওয়ামী লীগ, যুবলীগ ছাত্রলীগ, যুব মহিলা লীগ, ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে ইম্প্যাক্ট ফাউন্ডেশনের প্রশাসক শরিফুল ইসলামের নেতৃত্বে ইম্প্যাক্ট ফাউন্ডেশনের সামনে কার্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপিকে ফুল দিয়ে বরণ করে নেন।

গাংনীতে স্কুল ছাত্রীর

আত্ম*হ*ত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার উত্তর ভরাট গ্রামে বিষপানে আছিয়া খাতুন
(১৪) নামের এক স্কুল ছাত্রী আত্মহত্যা করেছেন। স্কুল ছাত্রী আছিয়া ওই গ্রামের হামিদুল ইসলামের মেয়ে এবং স্থানীয় বিডিটি মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী। গতকাল বুধবার (৩১ জানুয়ারি) সন্ধ্যায় তার মৃত্যু হয়।

স্থানীয়রা জানান, আছিয়া গতকাল বুধবার বিকেলে স্কুল থেকে বাড়ি ফিরে বিষপান করেছি এমন কথা জানায় তার মাকে। এক পর্যায়ে সে অসুস্থ্য হয়ে পড়লে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। এসময় তার শারীরিক অবস্থার অবনতি দেখা দিলে,কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রেফার করেন। এদিকে কুষ্টিয়ায় নেয়ার পথে মারা যায় আছিয়া।

আছিয়া প্রেমের কারণে প্রেমিকের উপর অভিমানে সবার চোখ ফাঁকি দিয়ে হয়তো বিষপান করেছিলেন বলে স্থানীয়দের ধারণা।

তবে গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান,আছিয়া খাতুনের লাশ ময়না তদন্তের জন্য আজ বৃহস্পতিবার (১ ফেব্রুয়ারী) মেহেরপুর জেনারেল হাসপাতালে মর্গে নেয়া হয়েছে।

গাংনীতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের সমাপনী অনুষ্ঠিত

“বিঁজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি ’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে নিয়ে উৎসব মুখর পরিবেশে গাংনীতে ৪৫ তম জাতীয় বিজ্ঞান-প্রযুক্তি সপ্তাহ, বিজ্ঞান মেলা ও ৮ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড এর সমাপনী এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে ।

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে ও উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজিত ২ দিন ব্যাপী মেলার সমাপনী এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ বুধবার বিকেল ৪ টার সময় অনুষ্ঠিত হয়।

জাতীয় বিজ্ঞান-প্রযুক্তি যাদু ঘরের তত্বাবধানে ও বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় মেলা অনুষ্ঠিত হয়।

উপজেলা নিবার্হী অফিসার প্রীতম সাহের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক ।

বিশেষ অতিথি ছিলেন ছড়াকার ও কথা সাহিত্যিক রফিকুর রশীদ রিজভী, উপজেলা মৎস্য অফিসার খোন্দকার সহিদুর রহমান।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

মেলায় উপজেলার সেরা ২০ টি মাধ্যমিক বিদ্যালয় ও ৩ টি কলেজের সৃজনশীল মেধাবী শিক্ষার্থীদের ২৩ টি স্টল প্রকল্প উপস্থাপন এবং উদ্ভাবনী প্রকল্প প্রদর্শিত হয়। একই সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে ৮ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের পরীক্ষা নিয়ে মেধা অন্বেষণ করা হয়।

মেলা উপলক্ষে আয়োজিত বিতর্ক প্রতিযোগিতায় চুড়ান্ত পর্যায়ে সন্ধানী স্কুল এন্ড কলেজ, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় প্রতিদ্বন্দ্বীতা করে। বিতর্ক প্রতিযোগিতায় মডারেটর হিসাবে দায়িত্ব পালন করেন, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক।

অন্যান্য বিচারকদের মধ্যে ছিলেন, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুর রউফ, নিবার্চন অফিসার কামরুল হাসান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আরিফুল ইসলাম, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সাইদুর রহমান।

সমগ্র আয়োজনের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন গাংনী মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক ও একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ

আল মাসুম।

সফলতার স্বীকৃতিস্বরুপ আয়োজনের দুই ব্যবস্থাপককে পুরস্কৃত করা হয়। পরে বিজয়ীদের মাঝে ক্রেষ্ট দেয়া হয়।

কুইজে সন্ধানী স্কুল এন্ড কলেজ , জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে।

বিতর্ক প্রতিযোগিতায় সন্ধানী স্কুল এন্ড কলেজ ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়কে যৌথ বিজয়ী ঘোষণা করা হয়।

গাংনীতে পিএসকেএসের দুই দিন ব্যাপি অনাবাসিক প্রশিক্ষণের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে ২৫ জন খামারি নিয়ে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর দুই দিন ব্যাপি অনাবাসিক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

উক্ত প্রশিক্ষণে গরু মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে গরু মোটাতাজা করা যায়, গরু মোটাতাজা করণের জন্য গরু সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, গরু মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়।

এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (এফএমডি, তড়কা, এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ, এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়। প্রশিক্ষণে খামারিদের হাতে কলমে কিভাবে ইউরিয়া মোলাসেস স্ট্র তৈরী করতে হয় তা শেখানো

হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে প্রশিক্ষণার্থীদের অবহিত করা হয়।

এসময় উপস্থিত সফল খামারী মোছাঃ জামেনা খাতুন নামে একজন খামারি জানান তিনি ২০২৩-২৪ অর্থ বছরে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি থেকে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর একটি প্রদর্শনী পেয়েছেন। এর দ্বারা ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে গরু মোটাতাজা করণের পাশাপাশি কেঁচো সার উৎপাদনের মাধ্যমে আগের থেকে অধিক লাভবান হচ্ছেন বলে তিনি জানান।

উক্ত প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা ভেটেরিনারি সার্জন ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমন্বিত কৃষি ইউনিটের প্রাণীসম্পদ কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ। উক্ত প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন সংস্থার সহকারী পরিচালক (প্রশিক্ষণ) মোঃ সাইফুল ইসলাম।

এই প্রশিক্ষণ আয়োজনে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে মুক্তি নারী ও শিশু উনয়ন সংস্থার অবহিতকরণ সভা অনুষ্ঠিত

নারীর প্রতি সহিংসতা ও নিযার্তন কমিয়ে তাদের অধিকার নিশ্চিত করণের লক্ষ্যে বাৎসরিক আয়োজনে মেহেরপুরের গাংনীতে স্থানীয় সাংবাদিকদের সাথে মুক্তি নারী ও শিশু উনয়ন সংস্থার কার্যক্রম বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার দুপুর ১২টার সময় মুক্তি নারী ও শিশু উনয়ন সংস্থার গাংনীর বামন্দী শাখা অফিসের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

ব্রেড ফর দ্যা ওয়ার্ল্ড,জার্মানীর সহযোগিতায় সভা অনুষ্ঠিত হয়। নারীর প্রতি সহিংসতা কমিয়ে এনে নারীর অধিকার প্রতিষ্ঠা, প্রকল্পের চলমান প্রকল্পসমূহ নিয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক ইত্তেফাক সংবাদদাতা সিনিয়র সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম।

অনুষ্ঠানের শুরুতে মুক্তি নারী ও শিশু উনয়ন সংস্থার সার্বিক ব্যবস্থাপনায় এ সভায় প্রকল্পের কার্যক্রম, কর্ম এলাকা,অর্জনসহ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যে তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন, সংস্থার প্রকল্প সমন্বয়কারী উম্মে সালমা।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে উম্মে সালমা বলেন, বর্তমান সংস্থার চলমান প্রকল্প ১১ টি। প্রকল্পগুলি হলো- কাউন্সিলিং, সালিস ও আইন সহায়তা, নারীর প্রতি সহিংসতা কমিয়ে এনে নারী অধিকার প্রতিষ্ঠা করা, বাংলাদেশে ফেরত আসা অভিবাসী শ্রমিকদের পূন: একত্রিকরণ, বাংলাদেশ মানবাধিকার প্রতিষ্ঠার মাধ্যমে গণতন্ত্র শক্তিশালীকরণ, শেল্টার হোম (মমতা মা ও শিশু সদন), এ্যাডভোকেসি ফর ইম্পাওয়ারমেট প্রজেক্ট, আত্মনির্ভরতা (ক্ষুদ্র ঋণ) ও আইজিএ কর্মসূচি, মাধ্যমিক বিদ্যালয় সমূহ বিজ্ঞান শিক্ষা অবহিতকরণ, সাপোর্টিং দ্যা ইউনিটি এন্ড সাসটেইনাবিলিটি অব সিভিল সোসাইটি অর্গানাইজেশন (সিএসও.স) টু আপ হোল্ড হিউম্যান রাইটস, ন্যাশনাল ইন্ট্রিগিটি এন্ড রুল অব ল ইন বাংলাদশে (সুশীল), ফেমিনিষ্ট পার্টিসিপটরী এ্যাকশন রিসার্স, নারীর প্রতি জেন্ডার বৈষম্যমূলক নির্যাতন সমূহ কমিয়ে এনে নারীর অধিকার নিশ্চিতকরণ।

এছাড়াও তিনি কর্মএলাকা উল্লেখ করে বলেন, মুক্তি নারী ও শিশু উনয়ন সংস্থাটি ৩ টি জেলার ৩ টি উপজেলায় প্রকল্প বাস্তবায়ন করছে। এর মধ্যে রয়েছে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা সদর, হোগলবাড়ীয়া ও ফিলিপনগর, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা সদর, কুড়ালগাছি, কার্পাসডাঙ্গা, মেহেরপুর জেলার গাংনী উপজেলার ষোলটাকা, মটমুড়া ও সাহারবাটী ইউনিয়ন ।

প্রকল্পের (অর্থ ও প্রশাসন) সহকারী সম্বয়কারী ফরহাদ আলী খাঁনের সঞ্চালনায়- সভায় বক্তব্য রাখেন,বাংলানিউজ টোয়েন্টিফোর ডটকম এর মেহেরপুর জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, দৈনিক মানবজমিন পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি সাহাজুল সাজু, আজকের কাগজের গাংনী উপজেলা প্রতিনিধি রাকিবুল ইসলাম কবি।

এসময় উপস্থিত ছিলেন সংস্থার প্রজেক্ট অফিসার মানছুরা খাতুন মুক্তাসহ বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ।

গাংনীতে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য অধিকার বিষয়ে সহায়ক সভা অনুষ্ঠিত

গাংনীতে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য অধিকার বিষয়ে সহায়ক শিক্ষকের সাথে ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশের গাংনী এরিয়া অফিসের আয়োজনে আজ বুধবার (৩১ জানুয়ারি) দুপুরের দিকে দি জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এই ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে।

ফলোআপ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বহী অফিসার প্রীতম সাহা।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর যশোর আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম।

গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিনের এর সঞ্চালনায় অনুষ্ঠিত ফলোআপ মিটিং এ গাংনী উপজেলার ৪০ টি মাধ্যমিক বিদ্যালয়ের ৪০ জন সহায়ক শিক্ষক অংশ নেন।

এসব সহায়ক শিক্ষকবৃন্দ তাদের নিজ নিজ বিদ্যালয়ের কৈশোরকালীন ব্যবস্থাপনা উপস্থাপন করেন।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী ও বিপিএন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে ওয়াহেদুজ্জামান আসাদ প্রমুখ।

বক্তারা বলেন, বর্তমান সময়ে মোবাইল ফোন আসক্তির ফলে মাধ্যমিক

বিদ্যালয় গুলোর ছাত্র ছাত্রীদের মধ্যে লেখা পড়ায় অমনোযোগীসহ বিভিন্ন ধরনের আচরণগত সমস্যা দেখা দিয়েছে। এ সকল সমস্যা সমাধানে করনীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পাশাপাশি প্রতিটি বিদ্যালয়ে কৈশোরকালীন ব্যবস্থাপনা জোরদার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মেহেরপুর শহরে লাটাহাম্বায় প্রাণ হারালেন এলজিইডি কর্মচারী

মেহেরপুর শহরে বাঁশের গুড়িভর্তি বেপরোয়া গতির লাটাহাম্বারের ধাক্কায় প্রাণ গেলো এলজিইডির অফিস সহায়ক মোজাম্মেল হকের । এছাড়া আহত হয়েছেন রিকসা চালক আব্দুল আলীম।

নিহত মোজাম্মেল হক মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের মৃতু আব্দুল মোতালেবের ছেলে ও এলজিইডির মেহেরপুর নির্বাহী প্রকৌশলী অফিসের অফিস সহায়ক। আহত রিকসা চালক আব্দুল আলীম মেহেরপুর শহরের বোশপাড়া এলাকার মৃত জসিম উদ্দিনের ছেলে।
আজ বুধবার (৩১ জানুয়ারি) সন্ধ্যার সময় মেহেরপুর পৌরসভার সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকা থেকে বাঁশের গুড়ি বোঝায় একটি দ্রুতগতির লাটাহাম্বার পৌরসভার সামনে স্পিডবেকার পার হওয়ার সময় একটি চাকা খুলে চলন্ত মোটরসাইকেল আরোহী মোজাম্মেল হক ও রিকসাচালক আব্দুল আলীমকে চাপা দেয়। এসময় তারা দুজনেই রাস্তার উপর লুটিয়ে পড়েন। স্থানীয়রা তাদের দুজনকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন। এসময় কর্তব্যরত চিকিৎসক মোজাম্মেল হককে মৃতু ঘোষণা করেন। দুর্ঘটনার সময় লাটাহাম্বার চালক পালিয়ে যায়।

খবর পেয়ে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজাহান হাসপাতালে এসে হতাহতদের চিকিৎসার খোঁজ খবর নেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, নিহত মোজাম্মেল হকের মরদেহ উদ্ধার করা হয়েছে। এছাড়া আহত আব্দুল আলীম মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এখন পর্যন্ত লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

আমঝুপিতে শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের আয়োজনে অতিদরিদ্র অসহায় প্রতিবন্ধী ও শিশুদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকাল ৩টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর অফিস চত্বরে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) মো: মাজহারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশনের জেলা প্রতিনিধি আল আমিন হোসেন।

পরে এলাকার ৫শতাধিক অসহায় মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

গাংনীতে দুই গ্রুপের সংঘর্ষে আহত ১৩

মেহেরপুরের গাংনী উপজেলায় কৃষি কাজের মুজুরি নিয়ে বিবাদের সংঘর্ষে উভয় পক্ষের ১৩ জন আহত হয়েছে। আজ বুধবার (৩১ জানুয়ারি) সকাল ৮টার সময় গাংনী উপজেলার ঢেপা বাজারে এয় সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন ঢেপা গ্রামের মৃত খোকা সেখের ছেলে রেজাউল,রেজাউলের তিন ছেলে উসমান,হুমায়ন,হযরত,রেজাউলের স্ত্রী হালিমা, নাতি স্বপন। অপর পক্ষের নুর ইসলাম,আসাদুল,ফরজ, মজিবর,নয়ন মিয়ারুল ও আলামিন ।

স্থানীয়রা জানান, কৃষি কাজের মুজুরি নিয়ে গতকাল বিকালে মজিবর ও হুমায়নের মধ্যে সামান্য হাতাহাতি হয়। সেই ঘটনার জেরে আজ সকালে গ্রামের চায়ের দোকানে প্রথমে মজিবর ও হুমায়নের মধ্যে সংঘর্ষ বাধে। পরে উভয় পক্ষের লোকজন লাঠিসোঠা ও দেশিয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এত উভয় পক্ষের ১৩ জন আহত হয়। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ঠ জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

হাসপাতালের কর্মরত চিকিৎসক বলেন,আহতদের হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। নুর ইসলামের অবস্থা অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে রাজশাহি মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।